বিষয় কোড | ১ | ০ | ১

এস এস সি পরীক্ষা ২০১৫ এর মডেল প্রশ্ন

বিষয় : বাংলা ১ম পত্র (সৃজনশীল)

সময় : ২ ঘণ্টা ১০ মিনিট　　　　　　　　　　　　　　　　পূর্ণমান—৬০

[প্রত্যেক বিভাগ থেকে ১টি করে মোট ৬টি প্রশ্নের উত্তর দিতে হবে। ডান পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। উত্তর প্রাসঙ্গিক হওয়া বাঞ্ছনীয়। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

ক অংশ — গদ্য

১. মাসুদ রংপুর বিভাগীয় শহরে একটি ভালো বিদ্যালয়ে পড়াশোনা করছে। পিতামাতা অশিক্ষিত হলেও তাকে তারা অনেক কষ্টে বিদ্যালয়ে পাঠাচ্ছে। বই পড়া তার অন্যতম শখ। তার পড়ার ঘরটিই যেন একটি লাইব্রেরি।

ক. কিসের জন্যে আমরা সকলেই উদ্বাহু ? ১

খ. 'সকলের সমবায়ে সাহিত্যের সৃষ্টি।'— ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে উল্লেখিত মাসুদ চরিত্রের স্বরূপ 'বই পড়া' প্রবন্ধের আলোকে চিহ্নিত করো। ৩

ঘ. 'তার পড়ার কক্ষটিই যেন একটি লাইব্রেরি।'— 'বই পড়া' প্রবন্ধের আলোকে উক্তিটির যথার্থতা মূল্যায়ন করো। ৪

২. ব্রিটিশরা প্রায় দুইশত বছর ধরে ভারত উপমহাদেশে শাসন করেছে। এ শাসন ছিলো শোষণের নামান্তর। ব্রিটিশ ঔপনিবেশিক শাসনের সময় মানুষ কখনোই মৌলিক অধিকার প্রতিষ্ঠা করতে পারেনি। তৎকালীন অবস্থার প্রেক্ষাপটে জন্মের পরে শিশুর যখন বোধ সৃষ্টি হতো, তখন থেকেই জীবন মানেই হুকুম পালন করাকে বোঝাতো। এই ভয়াবহ মানসিকতার উত্তরণে এবং এ উপমহাদেশের মানুষ ব্রিটিশদের কবল থেকে মুক্ত হওয়ার পেছনে সংস্কৃতির অবস্থান সবচেয়ে বেশি। বিশেষ করে বাংলা ভূখণ্ডের মানুষ জাতীয়তাবাদী চেতনা ও জাতিসত্তাবোধ লাভ করেছে সংস্কৃতির নির্যাস থেকেই।

ক. নববর্ষ উদ্‌যাপনের পদ্ধতি-প্রকরণের মধ্যে কী আছে? ১

খ. নববর্ষ উদ্‌যাপনের ঐতিহ্যকে সুপ্রাচীন ও গৌরবমণ্ডিত বলা হয়েছে কেন? ২

গ. উদ্দীপকের সাথে 'পয়লা বৈশাখ' প্রবন্ধের সাদৃশ্য দেখাও। ৩

ঘ. "উদ্দীপকটি 'পয়লা বৈশাখ' প্রবন্ধের সমগ্র ভাবের ধারক নয়"– যথার্থতা প্রমাণ করো। ৪

Copyright Md Shah Jamal

৩. ভাষার জন্ম জীবের জন্মের ন্যায় নয়। অমুক সন তারিখে অমুক ভাষার জন্ম হইয়াছে, এরূপ কথা আমরা বলিতে পারি না। ভাষা নদী প্রবাহের ন্যায়, বিভিন্ন স্থানে তাহার বিভিন্ন নাম। যখন একটি ভাষা প্রবাহের মধ্যে কোনও সময়ের ভাষা তাহার পরবর্তী ভাষাভাষীদিগের নিকট একটি নতুন ভাষা বলিয়া বোধ হয়, তখন তাহার নতুন নামকরণ হইয়া থাকে।

ক. 'তৎসম' শব্দটির অর্থ কী? ১

খ. প্রাকৃত ভাষা বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকের সাথে 'বাঙলা শব্দ' প্রবন্ধের মিল কোথায়? বর্ণনা করো। ৩

ঘ. 'পরিবর্তন সৃষ্টিকে নতুনরূপে সাজায়'— 'উক্তিটি উদ্দীপক ও 'বাঙলা শব্দ' প্রবন্ধের আলোকে মূল্যায়ন করো। ৪

খ অংশ — কবিতা

৪. মোগল সম্রাট বাবরের পুত্র কঠিন রোগে আক্রান্ত। তিনি আল্লাহর কাছে সর্বশ্রেষ্ঠ ধন নিজের জীবনের বিনিময়ে পুত্রের জীবন ভিক্ষা চাইলেন। আল্লাহ তাঁর প্রার্থনা মঞ্জুর করলেন। পিতৃস্নেহের কাছে মরণের পরাজয় ঘটল।

ক. 'বরদান' অর্থ কী? ১

খ. 'এ ত মেয়ে মেয়ে নয়'– এ কথাটি কেন বলা হয়েছে? ২

গ. উদ্দীপকের পিতার সাথে 'আমার সন্তান' কবিতার ঈশ্বরী পাটুনীর সাদৃশ্য নির্ণয় করো। ৩

ঘ. উদ্দীপক ও 'আমার সন্তান' কবিতায় মূলসুর একই।– মন্তব্যটি মূল্যায়ন করো। ৪

৫. হিমছড়ি আজ বিবর্ণ। সৌন্দর্য পিপাসুদের অসচেতনতায় সাগর-বনানী গিরিশৈলীর চঞ্চলা কন্যা কক্সবাজারের হিমছড়ি আজ বিবর্ণ, বিপন্ন। সৌখিন পর্যটকের মুগ্ধতার কেন্দ্রবিন্দু হিমছড়ি ঝরনাধারার চারপাশে পর্যটকদের ফেলে যাওয়া নানা বর্জ্যে আজ দূষিত ও মারাত্মক পরিবেশ-সংকটে পতিত। মানুষের অসচেতনতায়, অবহেলায় পাষাণ শিলার বুক ঘেমে নামা মনভুলানো ঝরনাধারা আজ যেন কোনো দুঃখিনী-অনাথিনীর অশ্রুধারা।

ক. কোথায় ডালিম ফাটে? ১

খ. ঝরনাকে ঝুম-পাহাড় ভয় দেখায় কেন? ২

গ. কোন দিক থেকে 'ঝর্ণার গান' কবিতার সাথে উদ্দীপকের হিমছড়ির মিল রয়েছে? ৩

ঘ. "উদ্দীপকের ঝরনাটি 'ঝর্ণার গান' কবিতার ঝরনার সম্পূর্ণ বিপরীত"– ব্যাখ্যা করো। ৪

Copyright Md Shah Jamal

৬. আমার পূর্বপুরুষেরা কৃষক ছিলেন। তাই আমার গায়ে মাটির গন্ধ। আমার স্বজনেরা জেলে ছিলেন। তাই আমার শরীরে মাছের সুবাস মাখানো। আমার স্বজাতিরা ছিলেন গৃহহীন, উদাসী পথিক। তাঁরা হেঁটেছেন গাঁয়ের সরু পথ দিয়ে। আমার আত্মীয়রা অভাবী ছিলেন। তাই আমার দেহে দারিদ্র্যের স্পষ্ট ছাপ দেখা যায়। তবু আমার গর্ব যে, আমি এখানকার মানুষ। আমি এ অঞ্চলের কোনো আগন্তুক নই।

ক. কবি কোন দেশি পথিক নন? ১

খ. 'আমি কোনো আত্মীয় নই'– কবি একথা বলেছেন কেন? ২

গ. উদ্দীপকের মূল বক্তব্য কোন দিক দিয়ে 'আমি কোনো আগন্তুক নই' কবিতার সাথে সাদৃশ্যপূর্ণ, ব্যাখ্যা করো। ৩

ঘ. "আমার শরীরে মাছের সুবাস মাখানো।" – উক্তিটি 'আমি কোনো আগন্তুক নই' কবিতার আলোকে বিশ্লেষণ করো। ৪

গ অংশ — সহপাঠ

৭. তুমি আসবে বলে, হে স্বাধীনতা,
শহরের বুকে জলপাই রঙের ট্যাঙ্ক এলো
দানবের মতো চিৎকার করতে করতে
তুমি আসবে বলে, হে স্বাধীনতা,
ছাত্রাবাস, বস্তি উজাড় হলো। রিকয়েললেস রাইফেল
আর মেশিনগান খই ফোটাল যত্রতত্র।
তুমি আসবে বলে ছাই হলো গ্রামের পর গ্রাম।

ক. বুধার নাম 'কাকতাড়ুয়া' কে দিয়েছে? ১

খ. সে কান্নায় পাখি গাছের ডালে বসে ডাকতে ভুলে যায় কেন? ২

গ. উদ্দীপকটির কোন বিষয়টি 'কাকতাড়ুয়া' উপন্যাসে ফুটে উঠেছে— ব্যাখ্যা করো। ৩

ঘ. "উদ্দীপকটিকে 'কাকতাড়ুয়া' উপন্যাসের পাঞ্জাবিদের ধ্বংসযজ্ঞের বাস্তব দলিল বলা যায়।" – মন্তব্যটির তাৎপর্য নিরূপণ করো। ৪

Copyright Md Shah Jamal

৮. জেলা ডাকবাংলো দখল করে পাকিস্তানি সেনাবাহিনী ক্যাম্প বানিয়েছে। বিভিন্ন স্থানে তারা অপারেশন চালিয়ে ক্যাম্পের এই নিরাপদ স্থানে চলে আসত। ক্যাম্পের গেটের পাশে মধু পাগল নামে এক পাগল চটছালা গায়ে দিয়ে পড়ে থাকত এবং সেনা বাহিনীর বিভিন্ন তথ্য রাতের অন্ধকারে মুক্তিবাহিনীদের দিয়ে আসত। মধু পাগল আসলে পাগল নয়, পাগলের ভান করে চলত। পাকসেনারা তাকে সন্দেহ করত না। তার কারণে মুক্তিবাহিনীরা অনেক অপারেশনে সফল হয় এবং পাকিস্তানি সেনারা মারা যায়। একবার সে খান সেনাদের গাড়িতে বোমা রাখলে তা বিস্ফোরিত হয়ে আট-দশজন সেনা মারা যায়। সেই থেকে মধু পাগলকে আর ঐ জায়গায় দেখা যায় নি।

ক. বুধার পিঠাপিঠি বোনের নাম কী? ১

খ. বুধা কী কী কাজ করে সংক্ষেপে লেখো। ২

গ. উদ্দীপকের মধু পাগল কোন দিক থেকে বুধা চরিত্রকে তুলে ধরে'- ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে 'কাকতাড়ুয়া' উপন্যাসের সামগ্রিক দিক ফুটে উঠেছে কি? তোমার যুক্তিপূর্ণ মত দাও। ৪

৯. সড়ক দুর্ঘটনায় প্রাণে বেঁচে যায় গৃহবধূ রুকসানা। তাকে হাসপাতালে নিয়ে সুস্থ করে তুলেন রহমান সাহেব। দুর্ঘটনার স্থানে কিছু লোক সাহায্য না করে লুটপাট করছিল। রহমান সাহেব যথাসময়ে চলে আসায় রুকসানার দ্রুত চিকিৎসা হয় এবং মালামাল রক্ষা পায়।

ক. বজরা কোন ঘাটে থেমেছিল? ১

খ. 'বদ লোকেরা তোমাকে গিলে খাচ্ছে'— কথাটি কেন বলা হয়েছে? ২

গ. উদ্দীপকের রহমান সাহেবের ভূমিকা 'বহিপীর' নাটকের হাতেম আলির স্ত্রীর সঙ্গে কীভাবে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে রুকসানার সড়ক দুর্ঘটনা 'বহিপীর' নাটকের দুর্ঘটনারই প্রতিরূপ। মতামত দাও। ৪

Copyright Md Shah Jamal

বিষয় কোড | ১ | ০ | ১ |

এস এস সি পরীক্ষা ২০১৫ এর মডেল প্রশ্ন

সময় ঃ ৪০ মিনিট — বিষয় ঃ বাংলা ১ম পত্র (বহুনির্বাচনি) — পূর্ণমান—৪০

[উত্তরপত্রের সঠিক উত্তরের বৃত্তটি (O) বল পয়েন্ট কলম দ্বারা ভরাট কর]

১. 'মানুষ' কবিতায় নিচের কোন বীরের নাম উল্লেখ নেই?
ক চেঙ্গিস খ মামুদ
গ কালাপাহাড় ঘ নেপোলিয়ন

২. মরণশীল ব্যক্তি মানুষের মৃত্যুর সাথে সাথে প্রকৃতির যে দিকটির পরিবর্তন হয় না–
i. রহস্যময় সৌন্দর্য ii. চিরকালীন ব্যস্ততা
iii. নিত্যকার বিনির্মাণ
নিচের কোনটি সঠিক?
ক i খ i ও ii গ ii ও iii ঘ i, ii ও iii

৩. 'মুসলমানের আড়ঙ দেখিতে নাই'– মা ছেলেকে কেন এ কথা বলেছেন?
ক ধর্মীয় নিষেধ আছে বলে
খ কুসংস্কারের কারণে
গ পয়সা ছিল না বলে
ঘ ক্ষতির আশঙ্কায়

৪. কোথায় পূর্ণ প্রাণের জোয়ার আসে?
ক সাগরের পাড়ে খ নদীর ফাটলে
গ নদীর পাড়ে ঘ বিলের পাড়ে

৫. কার কবিতায় অতি আধুনিক কাব্যধারার বৈশিষ্ট্য সার্থকভাবে প্রকাশ পেয়েছে?
ক ভারতচন্দ্র রায় গুণাকর
খ হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায়
গ সুকান্ত ভট্টাচার্য
ঘ শামসুর রাহমান

৬. 'বৃষ্টি' কবিতায় মাঠের ক্ষেত্রে কোন বৈশিষ্ট্যটি উল্লেখ করা হয়েছে?
ক রুক্ষ খ বিদগ্ধ গ বিষণ্ন ঘ নির্জন

৭. ব্যাকুল বিদ্রোহী শ্রোতা কবির প্রতীক্ষায় কোথায় বসে আছে?
ক পল্টনে খ রমনায়
গ রাজপথে ঘ রেসকোর্স ময়দানে

নিচের উদ্দীপকটি পড়ো এবং ৮ ও ৯ নং প্রশ্নের উত্তর দাও:
আমাদের ছোট গাঁয়ে ছোট ছোট ঘর,
থাকি সেথা সবে মিলে নাহি কেহ পর।
আম গাছ, জামগাছ, বাঁশঝাড় যেন,
মিলে-মিশে আছে ওরা আত্মীয় হেন।

৮. কবিতাংশের সাথে ভাবগত মিল আছে নিচের কোন কবিতার?
ক আমার পরিচয়
খ আমি কোনো আগন্তুক নই
গ সেইদিন এই মাঠ
ঘ পল্লিজননী

৯. উদ্দীপক ও কবিতার সাথে সাদৃশ্য হলো–
i. অন্তর্নিহিতভাবে
ii. গাঁয়ের প্রকৃতিতে
iii. স্বজন ভাবনায়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

১০. সাহসী জননী বাংলার বুকে কী চাপা পড়েছে?
ক পোড়াগ্রাম খ ঘৃণার কার্তুজ
গ মৃতের আগুন ঘ মহা প্রতিরোধ

১১. কাদের বাড়িতে বসে বুধা বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষণ শুনছিল?
ক আহাদ মুন্সীর খ হরিকাকুর
গ কানু দয়ালের ঘ মধুদের

১২. বুধা খুব খুশি হয়–
ক কেউ টাকা দিলে
খ কেউ নতুন নাম রাখলে
গ কেউ খেতে দিলে
ঘ কেউ বাড়িতে নিয়ে গেলে

নিচের উদ্দীপকটি পড়ো এবং ১৩ নং প্রশ্নের উত্তর দাও:
মুর্দা ফকির আবহমান বাংলার সদাজাগ্রত ও প্রতিবাদমুখর সাহসী সন্তান। কোনো প্রলোভন কোনো শাসনই তাকে কর্তব্যচ্যুত করতে পারে না।

১৩. উদ্দীপকের মুর্দা ফকির চরিত্রের বিপরীত বৈশিষ্ট্য দেখা যায় নিচের কোনটিতে?
ক আহাদ মুন্সী খ বুধা
গ মধু ঘ ফুলকলি

Copyright Md Shah Jamal

১৪. বাংলা সাহিত্যের প্রথম সার্থক উপন্যাসটির প্রকাশ কাল কত?
ক) ১৮৪৭ সাল খ) ১৮৬১ সাল
গ) ১৮৬৪ সাল ঘ) ১৮ ৬৫ সাল

১৫. 'মরণের কথা মনে করলে মুখে করা যায় না'— উক্তিটি কার?
ক) বুধার খ) ফুলকলির
গ) শাহাবুদ্দিনের ঘ) কুন্তির

১৬. তাহেরার মতে পীর সাহেব—
i. বুদ্ধিমান লোক ii. অর্থলোভী
iii. ভন্ডলোক
নিচের কোনটি সঠিক?
ক) i খ) i, ii ও iii গ) ii ঘ) ii ও iii

১৭. বহিপীর কথ্য ভাষা ব্যবহার করেন না কারণ এতে—
ক) পবিত্রতা নেই খ) মাধুর্যতা নেই
গ) জ্ঞানের প্রকাশ নেই ঘ) প্রাঞ্জলতা নেই

নিচের উদ্দীপকটি পড়ো এবং ১৮ নং প্রশ্নের উত্তর দাও:
ব্যবসায় লোকসান হওয়ায় অজয়বাবু আজ সর্বসান্ত। বাল্য বন্ধুর কাছে অর্থ সাহায্যের জন্য যান। কিন্তু বিফল হয়ে মানসিকভাবে ভেঙে পড়েন।

১৮. নিচের কোন চরিত্রটি উদ্দীপকের সাথে সাদৃশ্যপূর্ণ?
ক) হাতেম আলী খ) হাশেম আলী
গ) বহিপীর ঘ) হকিকুল্লাহ

১৯. 'বহিপীর' নাটকটির নামকরণ করা হয়েছে—
i. একটি প্রতীকী তাৎপর্যের মাধ্যমে
ii. পার্শ্ব চরিত্রের নাম অনুসারে
iii. কেন্দ্রীয় চরিত্রের নাম অনুসারে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

২০. 'না, পীর সাহেব, টাকা আমাদের চাই না।'— সংলাপটি কার?
ক) হাশেম আলী খ) হাতেম আলী
গ) খোদেজার ঘ) হকিকুল্লাহর

২১. 'মৃত্তিকার সামান্য স্তূপ দেখিলেই তাহাদের আনন্দ হয়।'— এখানে তাহাদের বলতে কাদের বলা হয়েছে?
ক) কোলজাতি খ) ভারতীয়
গ) বঙ্গবাসী ঘ) পালামৌর অধিবাসী

২২. রায় বাহাদুর পুত্রের দ্বিতীয় বিয়েতে পণের টাকা কত ধার্য করলেন?
ক) পাঁচ হাজার খ) দশ হাজার
গ) বিশ হাজার ঘ) পঁচিশ হাজার

২৩. বেগম রোকেয়ার মতে আমরা অন্ন উৎপাদন না করে কোন চেষ্টায় সচেষ্ট আছি?
ক) পাশ বিক্রয় খ) ধান্য ব্যবসায়
গ) অর্থ উৎপাদন ঘ) তৈল ব্যবসায়

নিচের উদ্দীপকটি পড়ো এবং ২৪ ও ২৫ নং প্রশ্নের উত্তর দাও:
এরিস্টটল, প্লেটো, রবীন্দ্রনাথ, নজরুল এরা প্রাতিষ্ঠানিক শিক্ষায় সনদধারী ছিলেন না। কিন্তু এরা অশিক্ষিত বা মূর্খ ছিলেন— এ কথা উচ্চারণ করতে মূর্খেরও কণ্ঠস্বর কেঁপে ওঠার কথা।

২৪. উদ্দীপকের চরিত্রগুলো সম্পর্কে 'বইপড়া' প্রবন্ধের লেখকের কোন মন্তব্যটি যথার্থ?
ক) আমাদের স্কুল-কলেজ ছেলেদের স্বশিক্ষিত হবার শক্তি পর্যন্ত নষ্ট করে
খ) আমার বিশ্বাস শিক্ষা কেউ কাউকে দিতে পারে না
গ) পাশ করা ও শিক্ষিত হওয়া এক বস্তু নয়, এ সত্য স্বীকারে আমরা কুণ্ঠিত হই
ঘ) শিক্ষা পদ্ধতি তাদের মনকে জখম করলেও একেবারে বধ করতে পারেনি

২৫. লেখকের বিবেচনায় চরিত্রগুলো—
i. স্বশিক্ষায় শিক্ষিত
ii. সুশিক্ষায় শিক্ষিত
iii. অলৌকিকভাবে শিক্ষিত
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৬. বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় কোন উপন্যাসটির জন্য রবীন্দ্র পুরস্কারে ভূষিত হন?
ক) ইছামতি খ) দৃষ্টি প্রদীপ
গ) পথের পাঁচালি ঘ) আরণ্যক

Copyright Md Shah Jamal

২৭. **উপহাস, অবহেলা ও অস্বীকৃত হয়েও হযরতের মুখ দিয়ে কী উচ্চারিত হয়নি?**
ক অভিশাপ খ প্রার্থনা
গ ক্রোধ, ঘৃণা ঘ সত্য প্রচার

২৮. **'তোমার উত্থান মাগি, ভবিষ্যৎ রহে প্রতীক্ষায়'– এ উক্তির আলোকে 'উপেক্ষিত শক্তির উদ্বোধন' প্রবন্ধে সমৃদ্ধ ভবিষ্যৎ কার প্রতীক্ষায় আছে?**
ক প্রগতিশীল মানুষদের
খ তথাকথিত ভদ্রলোকদের
গ সহমর্মী মানুষদের
ঘ উপেক্ষিত ছোটলোকদের

২৯. **'দুলের মড়ার কাঠ কী হবে শুনি'? অধরের এ উক্তিটি প্রকাশ পেয়েছে–**
i. অবজ্ঞা
ii. অহংকার
iii. জাতিভেদে বিশ্বাস
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii গ i ও iii ঘ iii

৩০. **ছেলেটির মুখে বামুনদি ডাক শুনে মমতাদির হাসি বন্ধ হয়ে গিয়েছিল কেন?**
ক অতীতের কথা মনে করে
খ নিজেকে রাঁধুনি মনে করে
গ নিজের অবস্থান টের পেয়ে
ঘ আত্মসম্মানে আঘাত লাগায়

৩১. **মজুর যাবার সময় জাহানারা ইমামকে কী দিয়ে গেলেন?**
ক বাংলাদেশের পতাকা
খ রুমীর মৃত্যু সংবাদ
গ শহীদের রক্তে ভেজা শার্ট
ঘ স্বাধীন বাংলার মানচিত্র

৩২. **'অন্ন-বস্ত্রের প্রাচুর্যের চেয়েও মুক্তি বড়'– এ বোধটি মানুষের কীসের পরিচায়ক?**
ক মূল্যবোধের খ শিক্ষার
গ মনুষ্যত্বের ঘ জ্ঞানার্জনের

৩৩. **বঙ্কিমচন্দ্রের সমসাময়িক কোন ঔপন্যাসিক তাঁরই মতো বহু ইতিহাস আশ্রিত উপন্যাস রচনা করেছিলেন?**
ক দীনবন্ধু মিত্র খ গিরিশচন্দ্র ঘোষ
গ রজনীকান্ত সেন ঘ রমেশচন্দ্র দত্ত

৩৪. **ব্রিটিশ শাসনামলে পহেলা বৈশাখ উদযাপনের মাধ্যমে প্রতিফলিত হয় এদেশের মানুষের–**
i. স্বাদেশিকতা
ii. জাতীয়তাবাদী চেতনা
iii. অতিথি পরায়ণতা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৩৫. **বাড়ির পাশে নিমগাছ গজালে বিজ্ঞজনরা খুশি হন, কারণ–**
ক নিমের হাওয়া ভালো
খ নিম একটি উপকারী ফল
গ এটা যত্ন ছাড়াই বেড়ে ওঠে
ঘ নিম উপাদেয়

৩৬. **'আমার সন্তান' কবিতার প্রতিপাদ্য বিষয় কী?**
ক বিপদগ্রস্তদের উপকার সাধনের গুরুত্ব
খ অন্নপূর্ণার পূজা পালনের মাহাত্ম
গ সন্তানের প্রতি বাঙালির নিঃস্বার্থ হিত কামনা
ঘ পূজা-পার্বণে আনন্দঘন পরিবেশ সৃষ্টি

৩৭. **'কপোতাক্ষ নদ' কবিতায় অষ্টকের মূল বক্তব্য কোনটি?**
ক ভ্রান্ত ধারণা খ নদীর প্রতি মমতা
গ দেশপ্রেম ঘ স্মৃতিকাতরতা

৩৮. **ভবের উন্নতি করার জন্য অপরিহার্য কোনটি?**
ক সংসারে বৈরাগী সাজ ধারণ করা
খ নিত্য নিজ কাজ করা
গ সুখের আশা করা
ঘ যুদ্ধ করা

৩৯. **অশ্বত্থ কীভাবে নতুন সিঁড়ির সন্ধান পায়?**
ক ঠাকুরঝির মাধ্যমে খ শ্যাওলায় পা রেখে
গ হাতের স্পর্শে ঘ পা-পিছলে পড়ে গিয়ে

৪০. **ঝর্ণা উপল ঘায়ে কী দেয়?**
ক পুলক খ তাল গ ঝিলিক ঘ সুর

উত্তরমালা

১	ঘ	২	ঘ	৩	গ	৪	খ	৫	ঘ	৬	ক	৭	ঘ	৮	ক	৯	খ	১০	
১১	গ	১২	খ	১৩	ক	১৪	ঘ	১৫	ঘ	১৬	ক	১৭	ক	১৮	ক	১৯	গ	২০	ক
২১	গ	২২	গ	২৩	গ	২৪	খ	২৫	ক	২৬	ক	২৭	গ	২৮	ঘ	২৯	গ	৩০	ঘ
৩১	ক	৩২	গ	৩৩	ঘ	৩৪	ক	৩৫	ক	৩৬	গ	৩৭	ঘ	৩৮	খ	৩৯	খ	৪০	গ

Copyright Md Shah Jamal